

তারিখ: ৩০/১০/২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি শিক্ষা



২৮ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
১৩ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ

নং- ৫৭.০০.০০০০.০৫৩.১৬.০০১.১৯-২৩৬

বিষয়: কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত উপস্থিতি।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন পলিটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ যথাসময়ে স্ব স্ব প্রতিষ্ঠানে উপস্থিত হচ্ছেন না। এতে প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের পাঠ পরিকল্পনা প্রণয়নসহ একাডেমিক ও প্রশাসনিক কাজে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। কর্মক্ষেত্রে নিয়মিত উপস্থিত না হওয়া এবং অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন না করা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আদর্শ) বিধিমালা, ২০১৮ এর আওতায় কর্তব্যে অবহেলা ও অসদাচরণ হিসেবে গণ্য হবে।

০২। শিক্ষার্থীদের পাঠ পরিকল্পনা প্রণয়ন, অনলাইন ক্লাস পরিচালনা, তথা শিক্ষা প্রতিষ্ঠান সুস্থভাবে পরিচালনার স্বার্থে প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষক এবং কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিত হওয়া বাঞ্ছনীয়।

০৩। অতএব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদেরকে নিয়মিত ও যথাসময়ে উপস্থিত হয়ে অর্পিত দায়িত্ব সুস্থভাবে পালনের জন্য নিদেশনা প্রদান করা হলো।

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
তারিখ: ১৩/১০/২০২০
(ড. মোঃ আমিনুল ইসলাম খান)
সচিব

বিতরণ কার্যার্থে

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৩. জেলা প্রশাসক (সকল)।
৪. পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল)।
৫. জেলা শিক্ষা অফিসার (সকল)।
৬. অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট ও টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।

নং- ৫৭.০০.০০০০.০৫৩.১৬.০০১.১৯-২৩৬

তারিখ: ২৮ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
১৩ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ-১/কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট/সহকারী প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

Signature and date: ১৩/১০/২০২০

১৩/১০/২০২০
(ড. মোঃ আমিনুল ইসলাম)
যুগ্মসচিব (কারিগরি-৩)